দৈনিক ইনকিলাব

তারিখ JUL 15 1999 পৃষ্ঠা 16 কলাম ৬

যশোরে জমিয়াতুল মোদার্রেছীনের সভা

## মাদ্রাসার মঞ্জুরি বেতন ভাতা বন্ধের আদেশ প্রত্যাহার করতে হবে

যশোর অফিস ঃ গত (মঙ্গলবার) যশোর আঞ্চলিক জমিয়াতুল মোদার্রেছীনের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। যশোর, ঝিনাইদহ, মাগুরা ও নড়াইল জেলার মাদ্রাসা শিক্ষকবৃন্দ এতে অংশগ্রহণ করেন। সভায় সরকার সারাদেশের অসংখ্য মাদ্রাসার মঞ্জুরি প্রত্যাহারসহ তাদের বেতন-ভাতা বন্ধের যে পদক্ষেপ নিয়েছে তার তীব্র নিন্দা জানান হয়। নেতৃবৃন্দ মাদ্রাসার মঞ্জুরি ও বেতন-ভাতা বন্ধের আদেশ প্রত্যাহার করে যুগ যুগ ধরে প্রচলিত মাদ্রাসা তথা ইসলামী শিক্ষার প্রতি সহানুভূতিশীল হওয়ার আহবান জানান। যশোর ২৬০ নং নওয়াপাড়া রোডের জমিয়াতুল মোদার্রেছীনের আঞ্চলিক অফিসে অনুষ্ঠিত বর্ধিত সভায় সভাপতিত্ব করেন মাওলানা মুহাম্মাদ নূরুল ইসলাম। সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন মাওলানা মুফিজুর রহমান।

## মাদ্রাসা বন্ধের পাঁয়তারার প্রতিবাদ

নেত্রকোনা জেলা সংবাদদাতা ঃ ইসলামকে নিশ্চিহ্ন করার চক্রান্ত বন্ধ করে অবিলম্বে মাদ্রাসা বন্ধের ঘোষণা প্রত্যাহার ও সকল মাদ্রাসায় প্রেরিত সার্কুলার উঠিয়ে নেয়ার ঘোষণা দিতে হবে। অন্যথায় দেশের সকল ধর্মপ্রাণ তৌহিদী জনতাকে সাথে নিয়ে ভারতীয় সেবাদাস বর্তমান সরকারের বিরুদ্ধে জিহাদ ঘোষণা ছাড়া আলেম সমাজের আর কোন বিকল্প পথ খোলা থাকবে না।

নেত্রকোনা আলিয়া মাদ্রাসা চত্বরে ইত্তেফাকুল উলামা নেত্রকোনা শাখার আহবানে অনুষ্ঠিত সমাবেশে বক্তাগণ উপরোক্ত কথাগুলো বলেন। সমাবেশে সভাপতিত্ব করেন মাওলানা মিছবাহুজ্জামান। বক্তব্য রাখেন নেত্রকোনা আলিয়া মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা আজিজুর রহমান, প্রিন্সিপাল মাওলানা আব্দুল কদ্দুস, মাওলানা রইছ উদ্দিন, মাওলানা ফজলুর রহমান, মাওলানা আব্দুল বারী, মাওলানা আব্দুল বাতেন, মাওলানা শিহাব উদ্দিন প্রমুখ।

## শত শত আলীয়া মাদ্রাসা বন্ধের প্রতিবাদে ইসলামী ছাত্র মজলিসের বিক্ষোভ

প্রেস বিজ্ঞপ্তি ঃ পবিত্র কোরআনের অবমাননা এবং শত শত আলীয়া মাদ্রাসা বন্ধের প্রতিবাদে বাংলাদেশ ইসলামী ছাত্র মজলিস ঢাকা মহানগরী শাখার উদ্যোগে গত মঙ্গলবার আয়োজিত বিক্ষোভ মিছিল-পূর্ব এক সমাবেশে সংগঠনের কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ মুনতাসির আলী বলেন, অনতিবিলম্বে সম্প্রতি বন্ধকৃত সকল আলীয়া মাদ্রাসার অনুদান চালু করতে হবে। যদি সরকার আলীয়া মাদ্রাসা বন্ধের ষড়যন্ত্র বন্ধ না করে তবে এদেশের তৌহিদী জনতা এর সমুচিত জবাব দিবে। তিনি আগামী ২৩ জুলাই শুক্রবার দেশব্যাপী বিক্ষোভ মিছিলের কর্মসূচীও ঘোষণা করেন।

ঢাকা মহানগরী সভাপতি শরীফ মোহাম্মদ তারিকুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সংগঠনের সেক্রেটারী জেনারেল মুহাম্মদ জয়নুল ইসলাম, মুহাম্মদ মিজানুর রহমান, মোঃ তানভীর আহমদ, মোঃ হুমায়ুন কবির আযাদ, মোঃ জালালুদ্দিন প্রমুখ।

সমাবেশ শেষে এক বিক্ষোভ মিছিল পুরানা পল্টন থেকে শুরু হয়ে জিপিও, প্রেসক্লাব হয়ে বায়তুল মোকাররম উত্তর গেটে এসে শেষ হয়।